

## সারাংশ

### (Abstract)

উনিশ শতকের শেষভাগ থেকে বাংলা গোয়েন্দা সাহিত্যের পরিপ্রেক্ষিত হিসাবে ঔপনিবেশিক শাসন ও দেশীয় সমাজের বিভিন্ন অভিজ্ঞতা কীভাবে গোয়েন্দা চরিত্রটি ও তাকে কেন্দ্র করে গোয়েন্দা কাহিনীকে জনপ্রিয় করে তুলেছিল সেই ইতিহাসের সুলুক সন্ধান করা ও তাকে রাজনৈতিক-অর্থনীতি ও বিভিন্ন সামাজিক-অর্থনৈতিক-সাংস্কৃতিক বর্গের নিরিখে বিচার করা এই গবেষণা প্রকল্পের উদ্দেশ্য। প্রসঙ্গক্রমে, ঔপনিবেশিক শাসনের বাস্তবতা ও মাতৃরাষ্ট্র ও উপনিবেশের অভিজ্ঞতার সাযুজ্য এবং পার্থক্য, জাতীয়তাবাদের আবহ, ঔপনিবেশিক আধুনিকতা, ‘আইনের শাসন’, ‘অপরাধ’, ‘অপরাধী’ প্রভৃতি ধারণা, হিংসার প্রকরণ, লিঙ্গ ও সামাজিক রাজনীতি, দেশীয় জনরুচি সংগঠন, বই নির্মাণ ও বিপণন প্রভৃতি প্রসঙ্গ আলোচ্য হয়েছে।

ভারতীয় উপমহাদেশের জন-সংস্কৃতির বিচিত্র বৈশিষ্ট্য নিয়ে চলমান আলোচনা-গবেষণায় কতগুলি নতুন প্রশ্ন সংযোজন ও সেগুলির উত্তর অনুসন্ধান এই গবেষণা প্রকল্পের উদ্দেশ্য। জন-সংস্কৃতির অঙ্গ হিসেবে বাংলা গোয়েন্দা সাহিত্য নির্ভর করে সমাজ-সংস্কৃতির ইতিহাস বিশ্লেষণের অভাব আছে। এই গবেষণা প্রকল্পের লক্ষ্য সেই শূন্যস্থান পূরণ করা। এর মাধ্যমে ঔপনিবেশিক বাংলায় জন-সংস্কৃতি ও তার বিভিন্ন অনুষ্ণের পরিপ্রেক্ষিতে বাংলা গোয়েন্দা সাহিত্যের বিবর্তন বিচার করা হয়েছে।

বাংলা গোয়েন্দা সাহিত্য বিষয়ক গবেষণার ক্ষেত্রে প্রধান সমস্যা পূর্ণাঙ্গ তালিকার অভাব। হয়ত গোয়েন্দা সাহিত্য ‘অন্ত্যজ শ্রেণীর’ বিবেচনায় বইগুলির যথাযথ সংরক্ষণ বিশেষ করা হয়নি। বিভিন্ন গ্রন্থাগারে সংরক্ষিত বইগুলিও বহুল ব্যবহারে জীর্ণ বা আদতে লুপ্ত। ফলে, পাঠ/পাঠভেদ ও প্রকাশনের সালতামামি মিলিয়ে দেখার সুযোগ স্বল্প। কিন্তু, যেটুকু লেখাপত্র পাওয়া যায় সেগুলির —সালতামামি বাবদ তা যতই ‘অসম্পূর্ণ’ হোক— মাধ্যম নিহিত সমাজ-সংস্কৃতি-রাজনীতির ইতিহাস হৃদিশ করা সম্ভব।

বাংলা গোয়েন্দা সাহিত্য বিষয়ক গবেষণার প্রধান আকরগুলির প্রতর্ক বিশ্লেষণ (discourse analysis) করার মাধ্যমেই এই ইতিহাসরচনার কাঠামো তৈরি করা যেতে পারে। সে কাজে সামাজিক ইতিহাস, সাংস্কৃতিক ইতিহাস, উত্তর-ঔপনিবেশিক তত্ত্বচর্চায় ব্যবহৃত বিভিন্ন গবেষণা পদ্ধতি, দৃষ্টিভঙ্গি ও বিশ্লেষণপ্রকরণ ব্যবহৃত হয়েছে।

**গুরুত্বপূর্ণ ধারণা ও শব্দাবলী:** উপনিবেশ, সাম্রাজ্যবাদ, গোয়েন্দা কাহিনী, উনিশ শতক, বিংশ শতক, বাংলা, গ্রেট ব্রিটেন, ঔপনিবেশিক আধুনিকতা, আইনের শাসন, গোয়েন্দা, অপরাধী, শাস্তি, শৃঙ্খলা।